হজ স্মরণিকা ২০২৬

# আল্লাহর মেহমান



## ওয়ামী হজ কাফেলা

উত্তরা, ঢাকা

عن أبي هريرة رضي الله عنه، قال: قال رسول الله صلى الله عليه وسلم: (العمرة إلى العمرة كفارة لما بينهما، والحج المبرور ليس له جزاء إلا الجنة). متفق عليه

আবূ হুরাইরাহ্ (রাঃ) হতে বর্ণিত যে, আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ এক ‘উমরাহ’র পর আর এক ‘উমরাহ উভয়ের মধ্যবর্তী সময়ের (গুনাহের) জন্য কাফফারা। আর জান্নাতই হলো হাজ্জে মাবরূরের প্রতিদান। (বুখারী- ১৭৭৩, মুসলিম- ১৩৪৯)

Narrated By Abu Huraira:
Allah’s Messenger (ﷺ) said, “(The performance of) ‘Umra is an expiation for the sins committed (between it and the previous one). And the reward of Hajj Mabrur (the one accepted by Allah is nothing except Paradise.

# আমাদের কথা

সকল প্রশংসা মহান আল্লাহ তাআ'লার, যিনি তাঁর বান্দাদের মধ্য থেকে অনুগ্রহ করে এ বছর পবিত্র হজ পালনের জন্য আমাদেরকে বাছাই করেছেন এবং সুস্থতার সাথে হজের আহকাম- আরকান মেনে সুষ্ঠুভাবে হজ সম্পাদনের তাওফিক দিয়েছেন।

"ওয়ামী হজ কাফেলা" একটি হজ-উমরাহ পালনে সহায়তাকারী সেবামূলক দাওয়াহ প্রতিষ্ঠান। ২০০৮ সালে শুধু হজ কার্যক্রমের মাধ্যমে এর পথচলা শুরু হলেও বর্তমানে হজ, উমরা ও এয়ার টিকেটিংসহ হজ-উমরা সংশ্লিষ্ট যাবতীয় সেবা প্রদান অব্যাহত রয়েছে। মূলত ঃ এ মহান কাজে আমাদের মৌলিক উদ্দেশ্য তিনটি:

- সহীহভাবে হজ পালনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করা।
- প্রয়োজনীয় সুবিধাদি নিশ্চিত করে যৌক্তিক খরচে হজ সম্পাদনের ব্যবস্থা করা।
- দ্বীনি প্রশিক্ষণ ও প্রয়োজনীয় তারবিয়াহর ব্যবস্থা করা।

শর্ত পূরণ হলে সামর্থ্যবান মুমিনের জন্য জীবনে একবার হজ পালন করা ফরজ। নিয়মিত চর্চার বিষয় না হওয়ার কারণে হজের বিধি-বিধানগুলো সকলের সমানভাবে জানা থাকে না। এছাড়া হজ ও উমরা পালনকারীগণ দীর্ঘ একটা সময় পবিত্র মক্কা ও মদিনায় অবস্থান করেন। সুষ্ঠু পরিকল্পনার মাধ্যমে হজ ও উমরার বিধি-বিধানসহ মুমিন জীবনে ইসলামের অনুশীলন, ইসলামের পারিবারিক ও সামাজিক বিধান, শিরক-বিদয়াত ইত্যাদি গুরুত্বপূর্ণ বিষয়াবলীতে জ্ঞানার্জনের মাধ্যমে সৌদি আরবে অবস্থানকালীন সময়কে যথাযথভাবে কাজে লাগানোর অপূর্ব সুযোগ তৈরী হয়। এজন্য আমাদের ব্যবস্থাপনায় প্রতিদিন ইসলামিক আলোচনা, মতবিনিময় ও প্রশ্নোত্তর পর্বের আয়োজন করা হয়ে থাকে। এতে বিশিষ্ট আলেমগণ বক্তা বা আলোচক হিসেবে অংশগ্রহণ করে থাকেন। ফলে তারবিয়া সেশনসমূহে অংশগ্রহণকারী হাজীগণ আত্মবিশ্বাস নিয়ে সহীহভাবে হজ পালন করার নির্দেশনা পেয়ে থাকেন। এতে ইসলামের নানান বিষয়ে জ্ঞান অর্জনেরও সুযোগ তৈরী হয়।

২০২৬ সালে ওয়ামী হজ কাফেলার মাধ্যমে ৪০৫ জন পবিত্র হজ পালন করেছেন। এ কার্যক্রমে সার্বিক সহযোগিতার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি আমরা আন্তরিকভাবে কৃতজ্ঞ। আন্তরিক প্রচেষ্টা থাকা সত্বেও এ কার্যক্রম পরিচালনায় আমাদের সকল সীমাবদ্ধতাগুলোকে প্রত্যেকে ক্ষমাসুন্দর দৃষ্টিতে দেখবেন বলে প্রত্যাশা করছি। হজ পরবর্তী সময়ে যোগাযোগ রাখা, একে অপরের খোঁজ-খবর নেওয়া এবং পারস্পরিক কল্যাণকামীতার এ সম্পর্ককে চলমান রাখার প্রত্যয়ে আমাদের ক্ষুদ্র আয়োজন হজ স্মরণিকা "আল্লাহর মেহমান"। আশা করি আমাদের এ সামান্য প্রয়াস আপনাদের হজ পালনের পবিত্র স্মৃতির স্মারক হয়ে থাকবে, ইনশাআল্লাহ।

মহান আল্লাহ তাআ'লা আমাদের প্রত্যেকের হজ কবুল করুন, হায়াতে তাইয়্যেবা দান করুন, আমাদের সন্তানদেরকে দ্বীনদার ও মুত্তাকী হিসেবে গড়ে তোলার তাওফিক দিন এবং আমাদের সকল প্রচেষ্টাকে কবুল করুন। আমীন।

**ওয়ামী হজ কাফেলা**

উত্তরা, ঢাকা।

# তারবিয়্যাহ প্রোগ্রামের বিষয় নির্দেশিকা

## হজ বিষয়ক আলোচনা: ৫টি

১ হজের গুরুত্ব ও তাৎপর্য এবং ইহরাম
২ হজের ঐতিহাসিক পটভূমি ও ইবরাহীম (আঃ)
৩ আরাফা, মোজদালিফা ও মিনায় অবস্থান এবং হাজীদের করণীয়
৪ জামারাত (পাথর মারা), কুরবানী করা ও মাথা মুন্ডনের বিধান (হাদী, কুরবানী ও দম এর বিধান)
৫ হজে মাবরুর এবং হজ পরবর্তী করণীয় করণীয়।

## ঈমান বিষয়ক আলোচনা: ৩টি

৬ মৌলিক বিশ্বাস: আল্লাহর প্রতি ঈমান ও তাগুতকে অস্বীকার, কুফর ও ঈমান বিনষ্টকারী বিষয়াদি
৭ তাওহীদের ধারণা এবং প্রচলিত শিরক ও বিদ'আত সমূহ।
৮ কবীরা গুনাহ এবং তওবার গুরুত্ব

## ইবাদাত সংক্রান্ত আলোচনা: ৩ টি

৯ তাহারাত: অজু, গোসল ও তায়াম্মুম
১০ রাসুলুল্লাহ (সা:)-এর সালাত
ইসলামী অর্থনীতি বিষয়ক আলোচনা : ২টি
১১ স্বনির্ভর জাতি গঠনে যাকাত ও উশর: প্রেক্ষিত বাংলাদেশ
১২ ইসলামী অর্থনীতির বৈশিষ্ট্য ও ব্যাংকিং ব্যবস্থা
১৩ সুদ নিষিদ্ধকরণ : প্রেক্ষাপট ও যৌক্তিকতা বিশ্লেষণ

## সিরাত সংক্রান্ত আলোচনা: ৩টি

১৪ রাসূল (স.)-এর মক্বী জীবন
১৫ রাসূসুল্লাহ (স.)-এর মাদানী জীবন
১৬ রাসূল (স.)-এর সাহাবাদের জীবন থেকে

## দৈনন্দিন পারিবারিক ও সামাজিক জীবন: ৩টি

১৭ ইসলামের পরিবারিক জীবন ও সন্তান প্রতিপালন
১৮ পর্দার ইসলামী বিধান ও পোশাক
১৯ ইসলামে সামাজিক জীবনের সৌন্দর্য: আমানতদারীতা, সত্যবাদিতা, ভ্রাতৃত্ববোধ, কোমলতা ও ত্যাগ

# হজের শিক্ষা ও হজ্জ পরবর্তী জীবনে করনীয়

হজ্জ একটি শারীরিক ও আর্থিক ইবাদত এবং ইসলামের পঁচটি স্তম্ভের একটি। ত্যাগের মহিমায় উজ্জীবিত হজ্জের সামগ্রিক ব্যবস্থাপনার সাথে আর্থিক ও দৈহিক দু'টি কুরবানীই সমভাবে সম্পৃক্ত। ফলে হজ্জের মাধ্যমে খুব সহজেই আল্লাহর সন্তুষ্টি অর্জন করা যায়। পবিত্র হজ্জ আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলার একটি বিশেষ বিধান। আল্লাহ হজ্জ পালনের মধ্যে মহান উদ্দেশ্য নিহিত রেখেছেন। রাসূলুল্লাহ (ﷺ) বলেছেন, প্রকৃত হজের পুরস্কার জান্নাত ব্যতীত অন্য কিছুই হতে পারে না। সৎ উদ্দেশ্য নিয়ে যাঁরা হজ্জ পালন করবেন, আল্লাহ তা'আলা তাঁদের হজ্জ কবুল করবেন এবং তাঁদের জন্য অফুরন্ত রহমত ও বরকত অবধারিত। হজের বহুমাত্রিক ইতিবাচক প্রভাব ব্যক্তি, সমাজ ও যাপিত জীবনের প্রতিটি স্তরে রয়েছে। হজ্জের শিক্ষা বাকী জীবন ধরে রাখলে শুদ্ধাচারী একজন মানুষ হিসাবে গঠন করা যায়। নিম্নে হজ্জের শিক্ষা ও হজ্জ পরবর্তী সময়ে হাজিদের করণীয় নিয়ে আলোচনা করা হলো।

### ০১. হজ্জের চেতনা তাওহীদ প্রতিষ্ঠা

তাওহীদ হল আল্লাহর একাত্মকে মনে প্রাণে বিশ্বাস, স্বীকার এবং প্রতিষ্ঠা করা। এর বিপরীত হল শিরক। যা সম্পূর্ণরূপে পরিত্যাজ্য বলেই দয়াময় আল্লাহ সকল পাপ ক্ষমা করলেও এ ভয়াবহ পাপের গুনাহ ক্ষমা করবেন না। আর আল্লাহ তা'আলা যুগে যুগে মানবজাতিকে শিরক থেকে বেঁচে থেকে তাওহীদ প্রতিষ্ঠার জন্যই সকল নবী-রাসূলদের প্রেরণ করেছেন। একজন মুমিনের আল্লাহর দ্বীনকে প্রতিষ্ঠা করার ক্ষেত্রে সকল আনুগত্য ও ইবাদত হতে হবে তাওহীদী চেতনায় একীভূত ও শিরক মুক্ত। আর হজ্জ পালনের প্রথম দাফ তালবিয়া পাঠ; যা কেবল তাওহীদী চেতনাই প্রকাশ করে থাকে। আর এজন্যই রাসূলুল্লাহ (ﷺ) তাওহীদ যুক্ত তালবিয়াহ আমাদের শিক্ষা দিয়েছেন। যা হল-

لَبَّيْكَ اللَّهُمَّ لَبَّيْكَ لَبَّيْكَ لَا شَرِيْكَ لَكَ لَبَّيْكَ إِنَّ الْحَمْدَ وَالنِّعْمَةَ لَكَ وَالْمُلْكَ لَا شَرِيْكَ لَكَ

'আমি আপনার দরবারে হাযির আছি, হে আল্লাহ! আমি আপনার দরবারে হাযির। আপনার কোন শরীক নেই, আমি আপনার দরবারে হাযির। নিশ্চিত সমস্ত প্রশংসা, নে'মত আপনারই এবং সমগ্র রাজত্ব আপনার; আপনার কোন শরীক নেই'।

সুতরাং হজ্জ হল তাওহীদ বাস্তবায়নের একটি অন্যতম মাধ্যম। আর নিশ্চয় আল্লাহ তাওহীদ ছাড়া কোন আমলই গ্রহণ করেন না। এজন্য হাদীছে কুদসীতে বর্ণিত হয়েছে, আল্লাহ তা'আলা বলেন–

أَنَا أَغْنَى الشُّرَكَاءِ عَنِ الشِّرْكِ مَنْ عَمِلَ عَمَلًا أَشْرَكَ فِيْهِ مَعِيْ غَيْرِي تَرَكْتُهُ وَشِرْكَهُ

'আমি শিরককারীদের শিরক থেকে অমুখাপেক্ষী। যে ব্যক্তি আমার সাথে অন্য কাউকে অংশী স্থাপন করবে, আমি তাকে তার অংশীকে ছেড়ে দেই'।

### ০২. আল্লাহর সন্তুষ্টি অর্জন ও জাহান্নাম থেকে মুক্তি

আল্লাহর সন্তুষ্টি অর্জন ও জাহান্নাম থেকে মুক্তি পাওয়ার একটি অন্যতম মাধ্যম হল হজ্জ পালন করা। এ সম্পর্কে রাসূল (ﷺ) বলেছেন, مَنْ حَجَّ لِلهِ فَلَمْ يَرْفُثْ وَلَمْ يَفْسُقْ رَجَعَ كَيَوْمِ وَلَدَتْهُ أُمُّهُ 'যে ব্যক্তি আল্লাহর উদ্দেশ্যে হজ্জ পালন করল এবং অশালীন কথাবার্তা ও গুনাহ হতে বিরত থাকল, সে ঐ দিনের মত নিষ্পাপ হয়ে হজ্জ হতে ফিরে আসবে যে দিন তাকে তার মা জন্ম দিয়েছিল'।[৪] অন্যত্র আমর ইবনুল আছ (রাযিয়াল্লাহু আনহুমা) বর্ণিত, আল্লাহর রাসূল (ﷺ) বলছেন, أَمَا عَلِمْتَ أَنَّ الإِسْلَامَ يَهْدِمُ مَا كَانَ قَبْلَهُ وَأَنَّ الْهِجْرَةَ تَهْدِمُ مَا كَانَ قَبْلَهَا وَأَنَّ الْحَجَّ يَهْدِمُ مَا كَانَ قَبْلَهُ 'হে আমর! তুমি কি জান না যে, ইসলাম পূর্ববর্তী সকল অন্যায় মিটিয়ে দেয়, আর হিজরত পূর্ববর্তী সকল অন্যায় মিটিয়ে দেয়, আর হজ্জ পূর্ববর্তী সকল অন্যায় মিটিয়ে দেয়'আব্দুল্লাহ ইবনু মাসউদ (রাযিয়াল্লাহু আনহুমা) হতে বর্ণিত, রাসূল (ﷺ) বলেছেন,

تَابِعُوْا بَيْنَ الْحَجِّ وَالْعُمْرَةِ فَإِنَّهُمَا يَنْفِيَانِ الْفَقْرَ وَالذُّنُوْبَ كَمَا يَنْفِى الْكِيرُ خَبَثَ الْحَدِيْدِ وَالذَّهَبِ وَالْفِضَّةِ وَلَيْسَ لِلْحَجَّةِ الْمَبْرُوْرَةِ ثَوَابٌ إِلَّا الْجَنَّةُ

'তোমরা হজ্জ ও ওমরা পরপর একত্রে আদায় কর। কেননা, এ হজ্জ ও ওমরা দারিদ্র্য ও গুনাহ দূর কর দেয়। যেমন লোহা ও সোনা-রূপার ময়লা হাপরের আগুনে দূর হয়। আর একটি কবুল হজ্জের প্রতিদান জান্নাত ব্যতীত আর কিছুই নয়'।

### ০৩. হজ্জের চেতনা তাক্বওয়া অর্জন

আল্লাহ অধিকাংশ হজ্জ সম্পর্কিত আয়াতেই তাক্বওয়া বা আল্লাহভীতি অর্জনের কথা বলেছেন। সূরা বাক্বারায় বলা হয়েছে, وَ أَتِمُّوا

اَلْحَجَّ وَ الْعُمْرَةَ لِلّٰهِ 'আর তোমরা আল্লাহর উদ্দেশ্যে হজ্জ ও ওমরাহ পূর্ণ কর' (সূরা আল-বাক্বারাহঃ ১৯৬)। আর আয়াতে শেষাংশে বলা হচ্ছে- وَ اتَّقُوا اللّٰهَ وَ اعْلَمُوْٓا اَنَّ اللّٰهَ شَدِيْدُ الْعِقَابِ 'আর তোমরা আল্লাহকে ভয় কর এবং জেনে রেখো যে, আল্লাহ কঠিন শাস্তিদাতা' (সূরা আল-বাক্বারাহঃ ১৯৬)। অনুরূপভাবে আরো বলা হয়েছে, اَلْحَجُّ اَشْهُرٌ مَّعْلُوْمٰتٌ 'হজ্জের মাসগুলো নির্ধারিত' (সূরা আল-বাক্বারাহঃ ১৯৭)। আর উক্ত আয়াতের শেষাংশে বলা হচ্ছে, وَ تَزَوَّدُوْا فَاِنَّ خَيْرَ الزَّادِ التَّقْوٰى ۫ وَ اتَّقُوْنِ يٰٓاُولِی الْاَلْبَابِ 'নিশ্চয় সর্বোত্তম পাথেয় হল আল্লাহভীতি। অতএব হে জ্ঞানীগণ! তোমরা আমাকে ভয় কর' (সূরা আল-বাক্বারাহঃ ১৯৭)। আসলে হজ্জের নিয়ম-রীতি সবকিছুই যে তাক্বওয়া অর্জনের নিমিত্তে তার প্রমাণ এ আয়াত দুটিও। মহান আল্লাহ বলেন, ذٰلِكَ * وَ مَنْ يُّعَظِّمْ شَعَآئِرَ اللّٰهِ فَاِنَّهَا مِنْ تَقْوَى الْقُلُوْبِ 'উপরেরগুলো এবং যে ব্যক্তি আল্লাহর আদেশ সমূহকে সম্মান করে, নিশ্চয় সেটি হৃদয় নিঃসৃত আল্লাহভীতির প্রকাশ' (সূরা আল-হজ্জঃ ৩২)। অন্যত্র মহান আল্লাহ বলেন, لَنْ يَّنَالَ اللّٰهَ لُحُوْمُهَا وَ لَا دِمَآؤُهَا وَ لٰكِنْ يَّنَالُهُ التَّقْوٰى مِنْكُمْ 'এগুলোর গোশত ও রক্ত আল্লাহর নিকটে পৌঁছে না। বরং তাঁর নিকট পৌঁছে তোমাদের আল্লাহভীরুতা' (সূরা আল-হজ্জঃ ৩৭)। তাক্বওয়া শুধু উম্মতে মুহাম্মাদীর জন্যই নয় বরং সকল উম্মতের জন্য সর্বোত্তম নির্দেশনা ও শেষ দিবসের জন্য সর্বশ্রেষ্ঠ পাথেয়। মহান আল্লাহ বলেন, وَ لَقَدْ وَصَّيْنَا الَّذِيْنَ اُوْتُوا الْكِتٰبَ مِنْ قَبْلِكُمْ وَ اِيَّاكُمْ اَنِ اتَّقُوا اللّٰهَ 'বস্তুত আমরা আদেশ করেছিলাম তোমাদের পূর্ববর্তী কিতাবধারীদের এবং তোমাদের এই মর্মে যে, তোমরা আল্লাহকে ভয় কর' (সূরা আন-নিসাঃ ১৩১)। সুতরাং হজ্জব্রত পালন তাক্বওয়া অর্জনের একটি শ্রেষ্ঠতম মাধ্যম।

**০৪. হজ্জের মাধ্যমে দয়াময় আল্লাহকে স্মরণ**

বান্দার প্রতিটি আমল আল্লাহর স্মরণ ও তাঁর সন্তুষ্টি অর্জনের নিমিত্তেই করতে হয়। যেমন আল্লাহ বলেন, وَ اَقِمِ الصَّلٰوةَ لِذِكْرِيْ 'আমার স্মরণে সালাত কায়েম কর' (সূরা ত্বোহাঃ ১৪)। অনুরূপভাবে হজ্জ, ছিয়াম এবং প্রতিটি আনুগত্যের বিষয়গুলো আল্লাহর স্মরণেই হতে হয়। ফলে হজ্জে একনিষ্ঠভাবে আল্লাহর স্মরণ আবশ্যক একটি বিষয় হয়ে দাঁড়ায়। মহান আল্লাহ বলেন, فَاِذَآ اَفَضْتُمْ مِّنْ عَرَفٰتٍ فَاذْكُرُوا اللّٰهَ عِنْدَ الْمَشْعَرِ الْحَرَامِ ۪ وَ اذْكُرُوْهُ كَمَا هَدٰىكُمْ 'তোমাদের কোন গুনাহ নেই। আর যখন তোমরা আরাফাত থেকে (মিনায়) ফিরবে, তখন (মুযদালিফায়) মাশ'আরুল হারামে পৌঁছে আল্লাহকে স্মরণ কর। আর তোমরা তাঁকে স্মরণ কর যেভাবে তিনি নির্দেশনা দিয়েছেন' (সূরা আল-বাক্বারাহঃ ১৯৮)। অন্যত্র মহান আল্লাহ বলেন,

وَ اَذِّنْ فِي النَّاسِ بِالْحَجِّ يَاْتُوْكَ رِجَالًا وَّ عَلٰى كُلِّ ضَامِرٍ يَّاْتِيْنَ مِنْ كُلِّ فَجٍّ عَمِيْقٍ- لِّيَشْهَدُوْا مَنَافِعَ لَهُمْ وَ يَذْكُرُوا اسْمَ اللّٰهِ فِيْٓ اَيَّامٍ مَّعْلُوْمٰتٍ عَلٰى مَا رَزَقَهُمْ مِّنْۢ بَهِيْمَةِ الْاَنْعَامِ

'আর তুমি মানুষের মাঝে হজ্জের ঘোষণা প্রচার করে দাও। তারা তোমার কাছে আসবে পায়ে হেঁটে এবং সকল প্রকার (পথশ্রান্ত) কৃশকায় উটের উপর সওয়ার হয়ে দূর-দূরান্ত হতে। যাতে তারা তাদের (দুনিয়া ও আখেরাতের) কল্যাণের জন্য সেখানে উপস্থিত হতে পারে এবং রিযিক হিসাবে তাদের দেয়া গবাদিপশুসমূহ যব্হ করার সময় নির্দিষ্ট দিনগুলোতে তাদের উপর আল্লাহর নাম উচ্চারণ করতে পারে' (সূরা আল-হজ্জঃ ২৭-২৮)।

হজ্জের যাবতীয় বিষয় শুধু আল্লাহর স্মরণেই হয়ে থাকে। আল্লাহর স্মরণ যে শ্রেষ্ঠ আমল সে সম্পর্কে রাসূল (ﷺ) বলেছেন,

أَلَا أُنَبِّئُكُمْ بِخَيْرِ أَعْمَالِكُمْ وَأَزْكَاهَا عِنْدَ مَلِيْكِكُمْ وَأَرْفَعِهَا فِيْ دَرَجَاتِكُمْ وَخَيْرٌ لَكُمْ مِنْ إِنْفَاقِ الذَّهَبِ وَالْوَرِقِ وَخَيْرٌ لَكُمْ مِنْ أَنْ تَلْقَوْا عَدُوَّكُمْ فَتَضْرِبُوْا أَعْنَاقَهُمْ وَيَضْرِبُوْا أَعْنَاقَكُمْ قَالُوْا بَلَى قَالَ ذِكْرُ اللهِ تَعَالَى

'আমি কি তোমাদেরকে অধিক উত্তম কাজ প্রসঙ্গে জানাব না, যা তোমাদের মনিবের নিকট সবচেয়ে পবিত্র, তোমাদের সম্মানের দিক হতে সবচেয়ে উঁচু। স্বর্ণ ও রৌপ্য দান-খায়রাত করার চেয়েও বেশী ভাল এবং তোমাদের শত্রুর মুকাবিলায় অবতীর্ণ হয়ে তাদেরকে তোমাদের সংহার করা ও তোমাদেরকে তাদের সংহার করার চাইতেও ভাল। তারা বলল, হ্যাঁ। তিনি বললেন, তা হল আল্লাহর স্মরণ'।[৭]

সুতরাং হজ্জব্রত পালনে একনিষ্ঠভাবে আল্লাহর স্মরণ যেমন বৃদ্ধি পায়, তেমনি আমাদের মর্যাদাও উত্তরোত্তর বেড়ে যায়। এর মাধ্যমে আল্লাহ তা'আলার নৈকট্য বান্দাহ হিসাবে নিজেদের গুণগতমান বৃদ্ধি পায়।

**০৫. হজ্জের মাধ্যমে ঈমানী চেতনা দৃঢ়করণ**

ইসলাম কবুলের পূর্বশর্ত ঈমান; আল্লাহকে প্রভু হিসাবে স্বীকার করে নেয়া। এই ঈমান কখনও বাড়ে আবার কখনও কমে। আল্লাহর স্মরণ, আনুগত্য, তাওবা-ইস্তিগফার, উত্তম আচরণসহ ইত্যাদি কল্যাণমূলক কাজে ঈমান বৃদ্ধিপ্রাপ্ত হয়। পক্ষান্তরে অলসতা, অন্যায়, পাপাচারমূলক কাজে ঈমানী চেতনা কমে যায়। আর হজ্জ এমন একটি ইবাদত যার দ্বারা অন্তরের পরিশুদ্ধি লাভ হয়। ফলে ঈমান বৃদ্ধি পায়। হজ্জের আহকাম, তাহযীব-তামাদ্দুনসহ যাবতীয় আমল পালনে ঈমানে পূর্ণতা আসে। আর একাগ্রচিত্তে আল্লাহর নিকট

চাইলে তিনি তা গ্রহণ করেন। মহান আল্লাহ বলেন,

وَ اِذَا سَاَلَكَ عِبَادِىْ عَنِّىْ فَاِنِّىْ قَرِيْبٌ ۔اُجِيْبُ دَعْوَةَ الدَّاعِ اِذَا دَعَانِ ۙفَلْيَسْتَجِيْبُوْا لِىْ وَ لْيُؤْمِنُوْا بِىْ لَعَلَّهُمْ يَرْشُدُوْنَ

'আর যখন আমার বান্দারা আপনাকে আমার সম্বন্ধে জিজ্ঞেস করে, (তখন তাদের বলুন যে,) আমি অতীব নিকটবর্তী। আমি আহ্বানকারীর ডাকে সাড়া দেই যখন সে আমাকে আহ্বান করে। অতএব তারা যেন আমাকে আহ্বান করে এবং আমার উপরে নিশ্চিন্ত বিশ্বাস রাখে। যাতে তারা সুপথপ্রাপ্ত হয়' (সূরা আল-বাক্বারাহ: ১৮৬)। আর রাসূল (ﷺ) বলেছেন, الْحُجَّاجُ وَالْعُمَّارُ وَفْدُ اللهِ، دَعَاهُمْ فَأَجَابُوْهُ، سَأَلُوْهُ فَأَعْطَاهُمْ 'হজ্জ ও ওমরা পালনকারী ব্যক্তি আল্লাহর সৈনিক। তারা ডাকলে আল্লাহ তাদের ডাকে সাড়া দিবেন এবং তারা আল্লাহর নিকট চাইলে আল্লাহ তাদের তা দিবেন'।[৮]

**০৬. হজ্জ মানে আল্লাহর ডাকে সাড়া দান**

সামর্থ্যবান প্রতিটি মুসলিমের জন্য হজ্জ পালন করা ফরয ইবাদত। এতে আল্লাহর নির্দেশনা রয়েছে। মহান আল্লাহ বলেন, وَ اَذِّنْ فِى النَّاسِ بِالْحَجِّ يَاْتُوْكَ رِجَالًا وَّ عَلٰى كُلِّ ضَامِرٍ يَّاْتِيْنَ مِنْ كُلِّ فَجٍّ عَمِيْقٍ 'আর তুমি মানুষের মাঝে হজ্জের ঘোষণা প্রচার করে দাও। তারা তোমার কাছে আসবে পায়ে হেঁটে এবং সকল প্রকার (পথশ্রান্ত) কৃশকায় উটের উপর সওয়ার হয়ে দূর-দূরান্ত হতে' (সূরা আল-হজ্জ: ২৭)। আর সেই ডাকে মানুষ সাড়া দিয়ে হজ্জে لَبَّيْكَ اللَّهُمَّ لَبَّيْكَ... উচ্চধ্বনিতে আকাশ-বাতাশ মুখরিত করে তোলে। আর উচ্চৈঃস্বরে তালবিয়া পাঠের নির্দেশনা দিয়েছেন রাসূল (ﷺ)। তিনি বলেছেন, جَاءَنِىْ جِبْرِيْلُ فَقَالَ يَا مُحَمَّدُ مُرْ أَصْحَابَكَ فَلْيَرْفَعُوْا أَصْوَاتَهُمْ بِالتَّلْبِيَةِ فَإِنَّهَا مِنْ شِعَارِ الْحَجِّ 'জিবরীল (আলাইহিস সালাম) আমার নিকট এসে বলল, হে মুহাম্মাদ (ﷺ)! তোমার অনুসারীদের নির্দেশ দাও তারা যেন উচ্চৈঃস্বরে তালবিয়া পাঠ করে। কেননা তা আল্লাহর নিদর্শনসমূহের মধ্য হতে অন্যতম'।উচ্চৈঃস্বরে তালবিয়া পাঠ হজ্জের একটি গুরুত্বপূর্ণ কাজ। রাসূল (ﷺ) বলেছেন,

مَا مِنْ مُسْلِمٍ يُلَبِّى إِلَّا لَبَّى مَنْ عَنْ يَمِيْنِهِ أَوْ عَنْ شِمَالِهِ مِنْ حَجَرٍ أَوْ شَجَرٍ أَوْ مَدَرٍ حَتَّى تَنْقَطِعَ الأَرْضُ مِنْ هَا هُنَا وَهَا هُنَا

'যখন কোন মুসলিম তালবিয়া পাঠ করে তখন তার ডান ও বামে পাথর, বৃক্ষরাজি, মাটি সবকিছুই তার সাথে তালবিয়া পাঠ করে। এমনকি পৃথিবীর এ প্রান্ত থেকে অন্য প্রান্ত পর্যন্ত (তালবিয়া পাঠকারীদের দ্বারা) পূর্ণ হয়ে যায়'।

পৃথিবীর সব কিছুই যে আল্লাহর তাসবীহ পাঠ করে এ বিষয়ে মহান আল্লাহ বলেন,

تُسَبِّحُ لَهُ السَّمٰوٰتُ السَّبْعُ وَ الْاَرْضُ وَ مَنْ فِيْهِنَّ ۔وَ اِنْ مِّنْ شَیْءٍ اِلَّا يُسَبِّحُ بِحَمْدِهٖ وَ لٰكِنْ لَّا تَفْقَهُوْنَ تَسْبِيْحَهُمْ ۔اِنَّهٗ كَانَ حَلِيْمًا غَفُوْرًا

'সাত আসমান ও যমীন এবং এ দু'য়ের মধ্যবর্তী সবকিছু তাঁরই পবিত্রতা ঘোষণা করে। আর এমন কিছু নেই যা তার প্রশংসাসহ মহিমা ঘোষণা করে না। কিন্তু তাদের পবিত্রতা বর্ণনা তোমরা বুঝতে পারো না। নিশ্চয় তিনি অতীব সহনশীল ও ক্ষমাপরায়ণ' (সূরা বানী ইসরাঈল: ৪৪)।

**০৭. নবী-রাসূলদের স্মরণ**

হজ্জব্রত পালনে গেলে পূর্ববর্তী নবী-রাসূল ও তাদের স্মৃতিবিজড়িত ঐতিহাসিক ঘটনাপ্রবাহের কথা অধিক পরিমাণে স্মরণ হয়। বিশেষ করে ইবরাহীম (আলাইহিস সালাম), ইসমাঈল (আলাইহিস সালাম) ও মা হাযেরা (রাযিয়াল্লাহু আনহা) সম্পর্কে। যেমন,

(১) পবিত্র কা'বা ঘর দর্শনের সাথে সাথে ইবরাহীম (আলাইহিস সালাম) ও ইসমাঈল (আলাইহিস সালাম)-এর কথা স্মরণ হয়। কা'বা নির্মাণ সম্পর্কে মহান আল্লাহ বলেন, وَ اِذْ يَرْفَعُ اِبْرٰهٖمُ الْقَوَاعِدَ مِنَ الْبَيْتِ وَ اِسْمٰعِيْلُ ۔رَبَّنَا تَقَبَّلْ مِنَّا ۔اِنَّكَ اَنْتَ السَّمِيْعُ الْعَلِيْمُ 'আর স্মরণ কর, যখন ইবরাহীম ও ইসমাঈল বায়তুল্লাহর ভিত্তি স্থাপন করেছিল, তখন তাঁরা প্রার্থনা করেছিল, হে আমাদের পালনকর্তা! আপনি আমাদের পক্ষ হতে এটি কবুল করুন। নিশ্চয় আপনি সর্বশ্রোতা ও সর্বজ্ঞ' (সূরা আল-বাক্বারাহ.: ১২৭)।

(২) মাক্বামে ইবরাহীম। যার উপর দাঁড়িয়ে ইবরাহীম (আলাইহিস সালাম) কা'বা ঘর নির্মাণ করেছিলেন। এখানে সাত ত্বাওয়াফ শেষে দু'রাক'আত ছালাত আদায় করতে হয়। আর সেটা মাক্বামে ইবরাহীমের পিছনে হওয়া বাঞ্ছনীয় যদি না ভীড় থাকে। এতে ইবরাহীম (আলাইহিস সালাম)-এর স্মরণ করিয়ে দেয়। মহান আল্লাহ বলেন, وَ اتَّخِذُوْا مِنْ مَّقَامِ اِبْرٰهٖمَ مُصَلًّى 'তোমরা ইবরাহীমের দাঁড়ানোর স্থানকে ছালাতের স্থান হিসাবে গ্রহণ কর' (সূরা আল-বাক্বারাহ: ১২৫)।

(৩) যমযম কূপ ও ছাফা-মারওয়ার মধ্যবর্তী স্থলে সাঈ করার প্রাক্কালে মা হাজেরার সেই স্বগতোক্তির কথা মনে পড়ে যখন পিতা ইবরাহীম (আলাইহিস সালাম) তাঁকে ও শিশু সন্তানকে এক বিরাণভূমিতে রেখে যাচ্ছিলেন, তখন মা হাযেরা বলেছিলেন, من أمرك أن تضعني بأرض ليس فيها ضَرْع ولا زرع ، ولا أنيس ، ولا زاد ولا ماء؟ 'আপনি কার নির্দেশে আমাকে এমন জায়গায় রেখে যাচ্ছেন যেখানে কোন দুধ, শস্য বা মানুষ কিংবা খাদ্য-পানীয় নেই? তখন ইবরাহীম (আলাইহিস সালাম) বলেছিলেন, ربي أمرني 'আমার

প্রভু আমাকে নির্দেশ দিয়েছেন। তখন মা হাযেরা বলেছিলেন, فإنه لن يضيِّعنا 'নিশ্চয় তিনি আমাদের ধ্বংস করবেন না' ।[১১]

(৪) একইভাবে আরাফায় অবস্থানের সময় রাসূল (ﷺ) ছাহাবীদের উদ্দেশ্যে বলেছেন, كُوْنُوْا عَلَى مَشَاعِرِكُمْ فَإِنَّكُمْ عَلَى إِرْثٍ مِنْ إِرْثِ إِبْرَاهِيْمَ 'হজ্জের নির্ধারিত স্থানসমূহে অবস্থান কর। কারণ তোমরা ইবরাহীম (আলাইহিস সালাম)-এর উত্তরাধীকার প্রাপ্ত হয়েছে' ।[১২] নবীগণ দীনার ও দিরহামের ওয়ারিছ হন না; বরং তারা আল্লাহর দ্বীনের ওয়ারিছ হন। রাসূল (ﷺ) বলেছেন, خَيْرُ الدُّعَاءِ دُعَاءُ يَوْمِ عَرَفَةَ 'আরাফার দিনের দু'আই উত্তম দু'আ' ।[১৩]

(৫) অনুরূপভাবে পাথর নিক্ষেপের সময় আমাদের স্মরণ করিয়ে দেয় ইবরাহীম (আলাইহিস সালাম)-এর কথা। ইবনু আব্বাস (রাযিয়াল্লাহু আনহুমা) হতে মারফূ' সূত্রে বর্ণিত হয়েছে,

لما أتى إبراهيم خليل الله المناسك عرض له الشيطان عند جمرة العقبة فرماه بسبع حصيات حتى ساخ في الأرض ثم عرض له عند الجمرة الثانية فرماه بسبع حصيات حتى ساخ في الأرض ثم عرض له عند الجمرة الثالثة فرماه بسبع حصيات حتى ساخ في الأرض

'যখন ইবরাহীম (আলাইহিস সালাম) কুরবানগাহে আসছিলেন তখন জামরায়ে আক্বাবায় শয়তান ধোঁকা দিচ্ছিল। ফলে তিনি ৭টি পাথর নিক্ষপ করলে শয়তান মাটিতে গেড়ে যায়। অতঃপর দ্বিতীয় জামরায় শয়তান ধোঁকা দিলে তিনি পুনরায় ৭টি পাথর নিক্ষেপ করেন। এতে শয়তান মাটিতে দেবে যায়। এভাবে তৃতীয় জামরাতে শয়তান ধোঁকা দিলে ইবরাহীম (আলাইহিস সালাম) ৭টি পাথর নিক্ষেপের ফলে শয়তান মাটিতে দেবে যায়' ।[১৪]

(৬) কুরবানী যব্হ করার সময়কালে সেই মহান ঘটনার কথা স্মরণ হয় যখন ইবরাহীম খলীল স্বপ্নে দেখলেন যে, তিনি পুত্র ইসমাঈলকে কুরবানী করছেন। এটা পুত্রের নিকট বর্ণনা করতেই তার দৃঢ়চিত্ত উত্তর আমাদের অন্তরাত্মাকে শিহরিত করে তোলে। যা কুরআনের ভাষায় এসেছে এভাবে

فَلَمَّا بَلَغَ مَعَهُ السَّعْيَ قَالَ يٰبُنَيَّ اِنِّيْٓ اَرٰى فِى الْمَنَامِ اَنِّيْٓ اَذْبَحُكَ فَانْظُرْ مَاذَا تَرٰى ۚ قَالَ يٰٓاَبَتِ افْعَلْ مَا تُؤْمَرُ ۖ سَتَجِدُنِيْٓ اِنْ شَآءَ اللّٰهُ مِنَ الصّٰبِرِيْنَ - فَلَمَّآ اَسْلَمَا وَ تَلَّهٗ لِلْجَبِيْنِ

'অতঃপর সে যখন পিতার সাথে চলাফেরার বয়সে উপনীত হল, তখন ইবরাহীম তাকে বলল, হে আমার বৎস! আমি স্বপ্নে দেখি যে, আমি তোমাকে যব্হ করছি। এখন ভেবে দেখ তোমার অভিমত কী? সে বলল, হে আমার পিতা! আপনাকে যা আদেশ করা হয়েছে, তাই করুন। আল্লাহ চাইলে আপনি আমাকে ধৈর্যশীলদের মধ্যে পাবেন। এভাবে পিতা-পুত্র উভয়ে যখন আত্মসমর্পণ করল এবং পিতা যখন পুত্রকে তার চেহারা ধরে মাটিতে কাত করে শোয়ালো'...' (সূরা আছ-ছাফফাত: ১০২-১০৩) ।

### ০৮. রাসূল (ﷺ)-এর অনুসরণ

হজ্জের বিধি-বিধান ও নিয়ম-কানুনগুলো আমরা রাসূল (ﷺ)-এর পদ্ধতি অনুযায়ী পালন করার চেষ্টা করি। কোন্ কাজ করলে হজ্জের ত্রুটি হবে, কোন্ আমল সুন্নাত অনুযায়ী হবে এ বিষয়ে মনোনিবেশ করি। এ ক্ষেত্রে উমার (রাযিয়াল্লাহু আনহু)-এর কথা প্রণিধানযোগ্য। তিনি হাযারে আসওয়াদকে চুম্বনের প্রাক্কালে বলেছিলেন,

إِنِّيْ أَعْلَمُ أَنَّكَ حَجَرٌ لَا تَضُرُّ وَلَا تَنْفَعُ ، وَلَوْلَا أَنِّيْ رَأَيْتُ النَّبِيَّ ﷺ يُقَبِّلُكَ مَا قَبَّلْتُكَ

'আমি অবশ্যই জানি যে, তুমি একখানা পাথর মাত্র। তুমি কারো কল্যাণ বা অকল্যাণ করতে পার না। নবী (ﷺ)-কে তোমায় চুম্বন করতে না দেখলে কখনো আমি তোমাকে চুম্বন করতাম না।

### ০৯. মুশরিকদের আমলের বিরুদ্ধাচরণ

জাহেলী যুগে মুশরিকরা যেভাবে হজ্জ পালন করত তা রাসূল (ﷺ) সমূলে পরিবর্তন করে দেন। হজ্জের ভাষণে তিনি বলেন,

أَلَا كُلُّ شَيْءٍ مِنْ أَمْرِ الْجَاهِلِيَّةِ تَحْتَ قَدَمَيَّ مَوْضُوْعٌ وَدِمَاءُ الْجَاهِلِيَّةِ مَوْضُوْعَةٌ وَإِنَّ أَوَّلَ دَمٍ أَضَعُ مِنْ دِمَائِنَا دَمُ ابْنِ رَبِيْعَةَ بْنِ الْحَارِثِ كَانَ مُسْتَرْضِعًا فِيْ بَنِيْ سَعْدٍ فَقَتَلَتْهُ هُذَيْلٌ وَرِبَا الْجَاهِلِيَّةِ مَوْضُوْعٌ وَأَوَّلُ رِبًا أَضَعُ رِبَانَا رِبَا عَبَّاسِ بْنِ عَبْدِ الْمُطَّلِبِ فَإِنَّهُ مَوْضُوْعٌ كُلُّهُ

'সাবধান! জাহেলী যুগের সকল ব্যাপার (অপসংস্কৃতি) আমার উভয় পায়ের নিচে। জাহেলী যুগের রক্তের দাবিও বাতিল হল। আমি সর্বপ্রথম যে রক্তপণ বাতিল করছি তা হল আমাদের বংশের রবী'আহ ইবনু হারিসের পুত্রের রক্তপণ। সে শিশু অবস্থায় বানু সা'দ গোত্রে দুগ্ধপোষ্য ছিল। তখন হুযায়েল গোত্রের লোকেরা তাকে হত্যা করে। জাহেলী যুগের সূদও বাতিল। আমি প্রথম যে সূদ হারাম করছি তা হল আমাদের বংশের আব্বাস ইবনু আব্দুল মুত্তালিবের সূদ। তার সমস্ত সূদ বাতিল হল'।

সুতরাং হজ্জব্রত পালন অবস্থায় যাবতীয় অপকর্ম ও জাহেলিয়াত থেকে দূরে থাকতে হবে। রাসূল (ﷺ) বলেছেন,

أَبْغَضُ النَّاسِ إِلَى اللهِ ثَلَاثَةٌ مُلْحِدٌ فِي الْحَرَمِ ، وَمُبْتَغٍ فِي الإِسْلَامِ سُنَّةَ الْجَاهِلِيَّةِ ، وَمُطَّلِبُ دَمِ امْرِئٍ بِغَيْرِ حَقٍّ لِيُهَرِيْقَ دَمَهُ

'আল্লাহর কাছে সবচেয়ে ঘৃণিত লোক হচ্ছে তিনজন। (১) যে লোক হারাম শরীফে অন্যায় ও অপকর্মে লিপ্ত হয়। (২) যে লোক ইসলামী যুগে জাহেলী যুগের রীতিনীতি অন্বেষণ করে। (৩) যে লোক ন্যায়সঙ্গত কারণ ছাড়া কারো রক্ত দাবী করে'।

### ১০. আখিরাতের কথা স্মরণ

আখিরাতের চিত্র সম্পর্কে রাসূল (ﷺ) বলেছেন,

يُحْشَرُ النَّاسُ يَوْمَ الْقِيَامَةِ أَوْ قَالَ الْعِبَادُ عُرَاةً غُرْلًا بُهْمًا قَالَ قُلْنَا مَا بُهْمًا قَالَ لَيْسَ مَعَهُمْ شَيْءٌ

'মানুষ ক্বিয়ামতের দিন একত্রিত হব খালি পায়ে বিবস্ত্র ও বুহম অবস্থায়। রাসূল (ﷺ)-কে জিজ্ঞাসা করা হল বুহম কী? তিনি বললেন, যাদের নিকট কিছুই থাকবে না'।[১৮] একজন ব্যক্তি ইহরাম বাঁধার পর ক্ষেতখামার, ব্যবসা-বাণিজ্য, আর্থিক লেনদেন কোন কিছুই চলবে না। ফলে সকলের একই ইহরামের পোশাক ক্বিয়ামতের কথা স্মরণ করিয়ে দেয়। একইভাবে জাহান্নাম থেকে মুক্তি লাভের আশায় সকল হজ্জব্রত পালনকারী ব্যক্তি আরাফার মাঠে একত্রিতভাবে অবস্থান করবে। রাসূল (ﷺ) বলেছেন, مَا مِنْ يَوْمٍ أَكْثَرَ مِنْ أَنْ يُعْتِقَ اللهُ فِيْهِ عَبْدًا مِنَ النَّارِ مِنْ يَوْمِ عَرَفَةَ 'আরাফার দিবসের ব্যতীত আর এমন কোন দিন নেই যেদিন আল্লাহ তা'আলা সর্বাধিক সংখ্যক লোককে দোযখের আগুন থেকে মুক্তি দান করেন'।[১৯] সুতরাং আরাফার ময়দানে অবস্থানও মানুষকে আখিরাতের স্মরণ করিয়ে দেয়। জ্ঞাতব্য যে, আরাফার মাঠে বিশেষভাবে দু'আ করতে হবে। কেননা এই দিনের দু'আ আল্লাহ কবুল করে থাকেন। রাসূল (ﷺ) বলেছেন, خَيْرُ الدُّعَاءِ دُعَاءُ يَوْمِ عَرَفَةَ 'আরাফার দিনের দু'আই হল সর্বোত্তম দু'আ'।

### ১১. ভ্রাতৃত্ববোধ সৃষ্টি

হজ্জে বিভিন্ন দেশ, ভাষা ও বর্ণের লোক একত্রিত হয়। আর প্রত্যেকেই তাক্বওয়া অর্জনের প্রতিযোগিতা করে। রাসূল (ﷺ) বিদায় হজ্জের ভাষণে বলেছেন,

يَا أَيُّهَا النَّاسُ أَلَا إِنَّ رَبَّكُمْ وَاحِدٌ وَإِنَّ أَبَاكُمْ وَاحِدٌ أَلَا لَا فَضْلَ لِعَرَبِيٍّ عَلَى أَعْجَمِيٍّ وَلَا لِعَجَمِيٍّ عَلَى عَرَبِيٍّ وَلَا لِأَحْمَرَ عَلَى أَسْوَدَ وَلَا أَسْوَدَ عَلَى أَحْمَرَ إِلَّا بِالتَّقْوَى أَبَلَّغْتُ

'হে লোক সকল! জেনে রাখ তোমাদের প্রভু একজন, তোমাদের পিতা একজন। জেনে রাখ! অনারবদের উপর আরবদের এবং আরবদের উপর অনারবদের কোন প্রাধান্য নেই তাক্বওয়া ব্যতীত। একইভাবে কালোর উপর লালের ও লালের উপর কালোর কোন প্রাধান্য নেই তাক্বওয়া ব্যতীত'।[২১]

### ১২. উত্তম চরিত্র গঠন

হজ্জ উত্তম চরিত্র গঠনের একটি অন্যতম শিক্ষা কেন্দ্র। রাসূল (ﷺ) বলেছেন, مَنْ حَجَّ لِلهِ فَلَمْ يَرْفُثْ وَلَمْ يَفْسُقْ رَجَعَ كَيَوْمِ وَلَدَتْهُ أُمُّهُ 'যে ব্যক্তি আল্লাহর উদ্দেশ্যে হজ্জ করল এবং অশালীন কথাবার্তা ও গুনাহ হতে বিরত রইল সে ঐ দিনের মত নিষ্পাপ হয়ে হজ্জ হতে ফিরে আসবে যেদিন তাকে তার মাতা জন্ম দিয়েছিল'।[২২] বিদায় হজ্জে রাসূল (ﷺ) বলেছিলেন,

أَلَا أُخْبِرُكُمْ بِالْمُؤْمِنِ مَنْ أَمِنَهُ النَّاسُ عَلَى أَمْوَالِهِمْ وَأَنْفُسِهِمْ وَالْمُسْلِمُ مَنْ سَلِمَ النَّاسُ مِنْ لِسَانِهِ وَيَدِهِ

'আমি তোমাদেরকে মুমিন ব্যক্তি সম্পর্কে বলে দিব না? মুমিন হল সেই ব্যক্তি মানুষ যাকে নিজের জীবন ও সম্পদের ব্যাপারে আশংকামুক্ত মনে করে এবং মুসলিম সেই ব্যক্তি যার জিহ্বা ও হাত হতে সকল মুসলিম নিরাপদ'।[২৩] অপর হাদীছে রাসূল (ﷺ) উমার (রাযিয়াল্লাহু আনহু)-কে বলেছেন,

يَا عُمَرُ إِنَّكَ رَجُلٌ قَوِيٌّ لَا تُزَاحِمْ عَلَى الْحَجَرِ فَتُؤْذِيَ الضَّعِيفَ إِنْ وَجَدْتَ خَلْوَةً فَاسْتَلِمْهُ وَإِلَّا فَاسْتَقْبِلْهُ فَهَلِّلْ وَكَبِّرْ

'হে ওমর! নিশ্চয় তুমি শক্তিশালী পুরুষ। তুমি হাজরে আসওয়াদের  নিকট ঠেসাঠেসি কর না। যাতে দুর্বলরা কষ্ট পায়। যদি তুমি ফাঁকা পাও তাহলে তুমি পাথরকে (হাযার আসওয়াদকে) চুম্বন করবে'।[২৪]

অত্র হাদীছে রাসূল (ﷺ) উমার (রাযিয়াল্লাহু আনহু)-কে দুর্বলদের প্রতি  সদয় হতে নির্দেশ দিয়েছেন। সুতরাং হজ্জে গেলে পরস্পর পরস্পরের মাঝে ভ্রাতৃত্ববোধ তৈরি হয়।

# হজ্জ পরবর্তী করণীয়

আল্লাহ তা'আলার নির্দেশনা অনুযায়ী হজ্জ চলাকালীন সময়ে অশ্লীলতা, কুৎসা, অন্যায় আচরণ, ঝগড়া ও কলহ-বিবাদ করা যায় না (সূরা আল-বাক্বারাহঃ ১৯৭)। হজ্জের এই শিক্ষা হজ্জ পরবর্তী সময়ে নিজের জীবনে আজীবন লালন ও ধারণ করতে হবে। সর্বদা তর্কবিতর্ক ও ঝগড়াবিবাদ পরিহার করে চলতে হবে। কারও ব্যবহার পসন্দ না হলেও রাগ করা যাবে না বা কটু কথা বলা যাবে না, কারও মনে কষ্ট দেয়া যাবে না। কারও দ্বারা যদি কারও কোন ক্ষতি হয়, তবে সঙ্গে সঙ্গে তার কাছ থেকে ক্ষমা চেয়ে নিতে হবে। সব সময় ওযূর সঙ্গে থাকার চেষ্টা করতে হবে এবং মনে সব সময় আল্লাহর যিকির জারি রাখতে হবে। নিজের স্বার্থ আগে উদ্ধার করার মানসিকতা পরিহার করতে হবে। নিজের আগে অন্যকে অগ্রাধিকার দিতে হবে। কোন মানুষের হক নষ্ট করা যাবে না।

পবিত্র কুরআনের সর্বশেষ সূরায় সর্বশেষ আয়াতে দুই প্রকার শয়তানের কথা উল্লেখ আছে, 'এই দুই ভয় হলো জিন শয়তান ও মানুষ শয়তান' (সূরা আন-নাসঃ ৬)। এ ছাড়া রয়েছে নফস শয়তান। ত্রিবিধ শয়তানের প্ররোচনা ও তাড়না থেকে নিজেকে রক্ষা করা এবং মনোজগতে শয়তানি শৃঙ্খলবন্ধন থেকে মুক্ত হওয়ার এবং সব ধরনের শয়তানি ভাব ও প্রভাব মুক্ত হয়ে স্বাধীনভাবে একমাত্র বিবেকের অনুসরণে মহান রাব্বুল আলামীন আল্লাহ তা'আলার ইবাদত তথা আনুগত্য করাই হলো শয়তানকে পাথর মারার মূল রহস্য। হজ্জ পরবর্তী সময়েও যাবতীয় শয়তানী কার্যক্রম থেকে দূরে থাকতে হবে।

পৃথিবীর সব মানুষ একই পিতা-মাতার সন্তান। মানুষে মানুষে কোন প্রকার ভেদাভেদ নেই, সাদাকালোয় কোনো প্রভেদ নেই। বর্ণবৈষম্য ও বংশকৌলীন্য এগুলো মানুষের কৃত্রিম সৃষ্টি। পদ-পদবি ও অবস্থানগত পার্থক্য মানুষের মধ্যে অদৃশ্য দেয়াল তৈরি করে। হজ্জের মাধ্যমে তা দূরীভূত হয়। হজ্জকে মানবতার প্রশিক্ষণ বলা যায়। হজ্জের ছয় দিন এই প্রশিক্ষণই হয়। জিলহজ্জ মাসের ৭ তারিখে সব হাজি মিনার তাঁবুতে গণবিছানায় গিয়ে একাত্মতার ঘোষণা দেন। জিলহজ্জের ৯ তারিখে হাজিরা আরাফাতের ময়দানে গিয়ে ঐক্যের অনন্য দৃষ্টান্ত তৈরি করেন; মিলিত হন আন্তর্জাতিক মহাসম্মেলনে। এদিন সন্ধ্যা (১০ জিলহজ্জের রাতে) হাজিরা মুজদালিফায় গিয়ে সব কৃত্রিমতার অবসানের মাধ্যমে মানবতার পূর্ণতা ও আদি আসল প্রকৃত মানব রূপ লাভ করেন। সবার পদতলে মৃত্তিকা, মাথার ওপরে উন্মুক্ত আকাশ, সবার পরনে একই কাপড়। পোশাকে বাহুল্য নেই, খোলা মাথা-পাগড়ি, টুপি ও লম্বা চুলের আড়ম্বর নেই; সঙ্গে সেবক-কর্মচারী নেই, গন্তব্য এক হলেও রাস্তা জানা নেই, নিজের শক্তি-সামর্থ্য ও জ্ঞানগরিমার প্রকাশ নেই, বুদ্ধি-বিবেচনা ও কৌশল প্রয়োগের সুযোগ নেই; শুধুই আল্লাহর ওপর ভরসা। এটিই হজ্জের প্রকৃত উদ্দেশ্য ও আসল শিক্ষা। এই চেতনায় বাকী জীবনেও কোন ধরনের মানুষে মানুষে বৈষম্য করা থেকে হাজিরা বিরত থাকবে।

কুরবানীর মূল প্রতিপাদ্যই হলো প্রিয়তমের জন্য অন্য সবকিছু বিসর্জন দেয়া। পশু কুরবানি একটি প্রতীক মাত্র। মনের মধ্যে যে পশুবৃত্তি বিদ্যমান, তাকে পরাভূত ও পরাজিত করাই হলো পশু যবহ বা পশু কুরবানির আনুষ্ঠানিক শিক্ষা। এর মাধ্যমে মনের সব কুপ্রবৃত্তিকে চিরতরে বিদায় করা এবং চরিত্রের সব কুস্বভাব পরিত্যাগ করাই মূল উদ্দেশ্য। হজ্জের আনুষ্ঠানিকতা শেষে নিজ নিজ দেশে ফিরে এসে হাজিগণ এই চেতনা লালন ও অনুশীলন করবেন। সার্বক্ষনিক রিপুর চাহিদা নিয়ন্ত্রণ করবেন এবং যাবতীয় শয়তানি কার্যত্রম থেকে দূরে থাকবেন। একমাত্র আল্লাহ তা'আলাকে সন্তুষ্ট করার জন্য যাবতীয় ইবাদত করবেন। বাকী জীবন শিরক থেকে নিজেরা বিরত থাকবেন এবং পরিবারকেও বিরত রাখবেন।

হজ্জের সময় বর্ণ, শ্রেণি, দেশ, জাতি, মত, পথ ও পেশা নির্বিশেষে সব দেশের সব মানুষ এক ইমামের পেছনে ছালাত আদায় করেন। এ হলো 'ভিন্নমতসহ ঐক্য'-এর অনন্য দৃষ্টান্ত। বিভিন্ন ভাষাভাষী মানুষ সহাবস্থান করেন বলে ভাষার দূরত্ব দূর হয়ে মনের নৈকট্য অর্জিত হয় এবং প্রকৃত মানবিক অনুভূতি জাগ্রত হয়। মনের সংকীর্ণতা দূর হয়, দৃষ্টিভঙ্গি প্রসারিত হয়, চিন্তার বিকাশ সাধিত হয়। যাঁরা হজ্জের শিক্ষা লাভে ধন্য হন, তাঁরাই প্রকৃত হাজী। হজ্জ ইবাদত, এটি কোন সার্টিফিকেট কোর্স বা পদ-পদবি নয়। হজ্জ করার পর নিজ থেকেই নামের সঙ্গে হাজি বিশেষণ যোগ করা সমীচীন নয়। কবুল করার মালিক আল্লাহ। কিছু বাহ্যিক আলামত বা নিদর্শন রয়েছে, যাতে হজ্জ কবুল হলো কি হলো না, তা সাধারণভাবে বোঝা যায়। যেমন হজ্জের পরে কাজে-কর্মে, আমলে-আখলাকে, চিন্তা-চেতনায় পরিশুদ্ধি অর্জন করা বা পূর্বাপেক্ষা উন্নতি লাভ করা। হজ্জ করা বড় কথা নয়; জীবনব্যাপী হজ্জ ধারণ করাই আসল সার্থকতা।

হজ্জ একটি গুরুত্বপূর্ণ ইবাদত। যার মাধ্যমে বান্দা নিষ্পাপ হয়ে যায় এবং কবুল হজ্জ সম্পাদনের মাধ্যমে বান্দার জন্য পরকালীন জীবনে জান্নাত অবধারিত হয়ে যায়। কিন্তু হজ্জ সমাপনের পরে হজ্জ পালনকারীর জন্য করণীয় কি হবে, এ বিষয়েই আলোচ্য নিবন্ধে আলোচনা করা হ'ল-

**১. আল্লাহর ইবাদত ও যিকরে মশগূল থাকা :**

হজ্জের মৌসুমে এবং হজ্জ পরবর্তী সময়ে বেশী বেশী আল্লাহর যিকর ও ইবাদতে মশগূল থাকা কর্তব্য। যেমন আল্লাহ বলেন, فَإِذَا قَضَيْتُم مَّنَاسِكَكُمْ فَاذْكُرُوا اللهَ كَذِكْرِكُمْ آبَاءَكُمْ أَوْ أَشَدَّ ذِكْرًا فَمِنَ النَّاسِ مَنْ يَقُولُ رَبَّنَا آتِنَا فِي الدُّنْيَا وَمَا لَهُ فِي الْآخِرَةِ مِنْ خَلَاقٍ، وَمِنْهُمْ مَنْ يَقُولُ رَبَّنَا آتِنَا فِي الدُّنْيَا حَسَنَةً وَفِي الْآخِرَةِ حَسَنَةً وَقِنَا عَذَابَ النَّارِ، أُولَئِكَ لَهُمْ نَصِيبٌ مِمَّا كَسَبُوا وَاللهُ سَرِيعُ الْحِسَابِ، 'অতঃপর যখন তোমরা হজ্জের অনুষ্ঠানাদি সমাপ্ত করবে, তখন তোমরা আল্লাহকে এমনভাবে স্মরণ কর যেভাবে তোমরা তোমাদের বাপ-দাদাদের স্মরণ কর, বরং তার চাইতেও বেশী স্মরণ। অতঃপর লোকদের মধ্যে যারা বলে, হে আমাদের পালনকর্তা! আমাদেরকে (কেবল) ইহকালে কল্যাণ দাও। তার জন্য পরকালে কোন অংশ নেই। আর তাদের মধ্যে যারা বলে, হে আমাদের প্রতিপালক! তুমি আমাদের ইহকালে কল্যাণ দাও ও পরকালে কল্যাণ দাও এবং আমাদেরকে জাহান্নামের আযাব থেকে বাঁচাও! ঐসব লোকদের জন্য তাতে পূর্ণ অংশ রয়েছে, যা তারা উপার্জন করেছে। আর আল্লাহ দ্রুত হিসাব গ্রহণকারী' (বাক্বারাহ ২/২০০-২০২)।

আর ইবাদতের জন্য কোন নির্দিষ্ট সময় ও নির্ধারিত স্থান নেই। বরং মুসলিম যেখানেই থাকুক সর্বদা সর্বাবস্থায় আল্লাহর ইবাদত করবে। যেমন আল্লাহ বলেন, وَاعْبُدْ رَبَّكَ حَتَّى يَأْتِيَكَ الْيَقِينُ، 'আর তুমি তোমার প্রতিপালকের ইবাদত কর, যতক্ষণ না মৃত্যু তোমার নিকটে উপস্থিত হয়' (হিজর ১৫/৯৯)।

রাসূল (ﷺ) বলেন, إِنْ قَامَتْ عَلَى أَحَدِكُمُ الْقِيَامَةُ وَفِي يَدِهِ فَسِيلَةٌ فَلْيَغْرِسْهَا، 'যদি তোমাদের কারো নিকটে ক্বিয়ামত এসে যায় এ অবস্থায় যে, তার হাতে একটি চারাগাছ রয়েছে, তাহ'লে সে যেন সেটা রোপণ করে দেয়'।[১] সুতরাং আমল ও ইবাদত জীবনের শেষ মুহূর্ত পর্যন্ত করার চেষ্টা করতে হবে। মুসলিম নারী-পুরুষ তার প্রতিটি সেকেন্ড ও মিনিট আল্লাহর আনুগত্যে তথা তাঁর ইবাদতে ব্যয় করবে। পক্ষান্তরে কিছু সময় ইবাদত ও নেক আমল করে থেমে যাবে না। আল্লাহ বলেন, وَلَا تَكُونُوا كَالَّتِي نَقَضَتْ غَزْلَهَا مِنْ بَعْدِ قُوَّةٍ أَنْكَاثًا، 'আর তোমরা সেই নারীর মত হয়ো না, যে তার সুতা মযবূতভাবে পাকাবার পর তা খুলে ছিন্নভিন্ন করে দেয়' (নাহল ১৬/৯২)।

**২. নে'মতের শুকরিয়া আদায় করা :**

হজ্জ একটি বড় নে'মত, যা সবাই লাভ করতে পারে না। সুতরাং যারা এই বড় নে'মত পেয়ে ধন্য হয়, তার জন্য আবশ্যিক হয়ে যায় আল্লাহর শুকরিয়া আদায় করা। আল্লাহ বলেন, وَإِذْ تَأَذَّنَ رَبُّكُمْ لَئِنْ شَكَرْتُمْ لَأَزِيدَنَّكُمْ وَلَئِنْ كَفَرْتُمْ إِنَّ عَذَابِي لَشَدِيدٌ، 'আর যখন তোমাদের প্রতিপালক ঘোষণা করেন, যদি তোমরা কৃতজ্ঞতা স্বীকার কর, তাহ'লে আমি অবশ্যই তোমাদেরকে বেশী বেশী করে দেব। আর যদি অকৃতজ্ঞ হও, তাহ'লে (মনে রেখ) নিশ্চয়ই আমার শাস্তি অত্যন্ত কঠোর' (ইবরাহীম ১৪/৭)। আল্লাহ একটি নিরাপদ জনবসতির উদাহরণ পেশ করেন, যারা তাদের প্রতি নে'মতের কৃতজ্ঞতা স্বীকার করেনি, ফলে তাদের নিকট থেকে সে নে'মতকে ছিনিয়ে নেয়া হয়। আল্লাহ বলেন, وَضَرَبَ اللهُ مَثَلًا قَرْيَةً كَانَتْ آمِنَةً مُطْمَئِنَّةً يَأْتِيهَا رِزْقُهَا رَغَدًا مِنْ كُلِّ مَكَانٍ فَكَفَرَتْ بِأَنْعُمِ اللهِ فَأَذَاقَهَا اللهُ لِبَاسَ الْجُوعِ وَالْخَوْفِ بِمَا كَانُوا يَصْنَعُونَ، 'আল্লাহ দৃষ্টান্ত বর্ণনা করেন একটি জনপদের, যা ছিল নিরাপদ ও শান্ত। যেখানে প্রত্যেক স্থান থেকে আসত প্রচুর জীবনোপকরণ। অতঃপর তারা আল্লাহর নে'মত সমূহের প্রতি অকৃতজ্ঞতা প্রকাশ করল। তখন আল্লাহ তাদেরকে তাদের কৃতকর্মের ফলস্বরূপ ক্ষুধা ও ভীতির মালিন্যের স্বাদ আস্বাদন করালেন' (নাহল ১৬/১১২)।

রাসূল (ﷺ) স্বীয় ছাহাবীগণকে নে'মতের অধিক শুকরিয়া আদায় করার এবং আল্লাহর নিকটে সাহায্য প্রার্থনার উপদেশ দিতেন। হাদীছে এসেছে,

عَنْ مُعَاذِ بْنِ جَبَلٍ، أَنَّ رَسُولَ صَلَّى عَلَيْهِ وَسَلَّمَ أَخَذَ بِيَدِهِ، وَقَالَ: يَا مُعَاذُ، وَاللهِ إِنِّي لَأُحِبُّكَ، وَاللهِ إِنِّي لَأُحِبُّكَ، فَقَالَ: أُوصِيكَ يَا مُعَاذُ لَا تَدَعَنَّ فِي دُبُرِ كُلِّ صَلَاةٍ تَقُولُ: اللَّهُمَّ أَعِنِّي عَلَى ذِكْرِكَ، وَشُكْرِكَ، وَحُسْنِ عِبَادَتِكَ،

মু'আয ইবনু জাবাল (রাঃ) হ'তে বর্ণিত, একদা রাসূলুল্লাহ (ﷺ) তার হাত ধরে বললেন, হে মু'আয! আল্লাহর শপথ! আমি অবশ্যই তোমাকে ভালবাসি, আল্লাহর শপথ! আমি অবশ্যই তোমাকে ভালবাসি। তিনি বললেন, হে মু'আয! আমি তোমাকে অছিয়ত করছি, তুমি প্রত্যেক ছালাতের পর এ দো'আটি কখনো পরিহার করবে না- 'আল্লাহুম্মা আঈন্নী 'আলা যিকরিকা ওয়া শুকরিকা ওয়া হুসনি 'ইবাদাতিকা' (অর্থঃ হে আল্লাহ! আপনার স্মরণে, আপনার কৃতজ্ঞতা প্রকাশে এবং আপনার উত্তম ইবাদতে আমাকে সাহায্য করুন)'।[২]

### ৩. বেশী বেশী তওবা করার চেষ্টা করা :

যে ব্যক্তি অহী নাযিলের স্থান ও নিরাপদ শহর প্রত্যক্ষ করে এবং বায়তুল্লাহর তাওয়াফ করে, আরাফাতের ময়দানে অবস্থানের দিনে আল্লাহর বান্দাদের মাঝে তাঁর নিদর্শনসমূহ অবলোকন করে, ইসলামের শে'আরসমূহ সরাসরি দেখে সে আল্লাহর দিকে প্রত্যাবর্তন ও তওবা করার প্রতি সত্বর প্রবৃত্ত হবে। এক্ষেত্রে কোন কিছুই তাকে অক্ষম বা অপারগ করতে পারবে না। তাছাড়া বান্দা যখন দেখবে হক ও বাতিল, ভাল ও মন্দ পার্থক্য করতে জ্ঞান-বিবেক দ্বিধা-দ্বন্দ্বে পতিত এবং যুবক-বৃদ্ধ সব ধরনের মানুষের হঠাৎ মৃত্যু বৃদ্ধি পাচ্ছে তখন সে তওবা করার জন্য দ্রুত অগ্রসর হবে। আল্লাহ তা'আলা বলেন, وَتُوبُوا إِلَى اللهِ جَمِيعًا أَيُّهَ الْمُؤْمِنُونَ لَعَلَّكُمْ تُفْلِحُونَ 'আর হে মুমিনগণ! তোমরা সবাই আল্লাহর দিকে ফিরে যাও যাতে তোমরা সফলকাম হ'তে পার' (নূর ২৪/৩১)। যারা তওবা করে না, তাদের সম্পর্কে আল্লাহ বলেন, وَمَنْ لَمْ يَتُبْ فَأُولَئِكَ هُمُ الظَّالِمُونَ، 'যারা এ থেকে তওবা করে না, তারা সীমালংঘনকারী' (হুজুরাত ৪৯/১১)।

পক্ষান্তরে হাদীছে সত্বর তওবা করার ব্যাপারে উৎসাহিত করা হয়েছে। রাসূল (ছাঃ) বলেন, إِنَّ اللهَ عَزَّ وَجَلَّ يَبْسُطُ يَدَهُ بِاللَّيْلِ لِيَتُوبَ مُسِيءُ النَّهَارِ، وَيَبْسُطُ يَدَهُ بِالنَّهَارِ لِيَتُوبَ مُسِيءُ اللَّيْلِ، حَتَّى تَطْلُعَ الشَّمْسُ مِنْ مَغْرِبِهَا، 'আল্লাহ তা'আলা রাতে নিজের হাত প্রসারিত করেন, যাতে দিনের বেলায় গুনাহকারীর তওবা কবুল করতে পারেন। আবার দিনের বেলায় হাত প্রসারিত করেন, যাতে রাতের বেলায় গুনাহকারীর তওবা কবুল করতে পারেন। এভাবে তিনি হাত প্রসারিত করতে থাকবেন যতদিন না সূর্য পশ্চিম দিকে উদিত হবে'।[৩] তিনি আরো বলেন, إِذَا مَضَى شَطْرُ اللَّيْلِ، أَوْ ثُلُثَاهُ، يَنْزِلُ اللهُ تَبَارَكَ وَتَعَالَى إِلَى السَّمَاءِ الدُّنْيَا، فَيَقُولُ: هَلْ مِنْ سَائِلٍ يُعْطَى؟ هَلْ مِنْ دَاعٍ يُسْتَجَابُ لَهُ؟ هَلْ مِنْ مُسْتَغْفِرٍ يُغْفَرُ لَهُ؟ حَتَّى يَنْفَجِرَ الصُّبْحُ، 'রাতের অর্ধেক অথবা দু'-তৃতীয়াংশ অতিক্রম হ'লে মহান ও বরকতময় আল্লাহ দুনিয়ার আসমানে অবতরণ করে বলতে থাকেন, কোন প্রার্থনাকারী আছে কি যাকে দেয়া হবে? কোন আহবানকারী আছে কি যার আহবানে সাড়া দেয়া হবে? কোন ক্ষমা প্রার্থনাকারী আছে কি, যাকে ক্ষমা করা হবে? আল্লাহ তা'আলা ভোর প্রকাশিত না হওয়া পর্যন্ত এরূপ বলতে থাকেন'।

অন্যত্র তিনি আরো বলেন, كُلُّ بَنِي آدَمَ خَطَّاءٌ، وَخَيْرُ الْخَطَّائِيْنَ التَّوَّابُونَ، 'প্রত্যেক আদম সন্তানই ভুলকারী। আর উত্তম ভুলকারী তারাই, যারা অধিক তওবা করে'।[৫] হাসান বছরী (রহ.) বলেন, أَكْثِرُوا مِنَ الِاسْتِغْفَارِ فِيْ بُيُوْتِكُمْ، وَعَلَى مَوَائِدِكُمْ، وَفِيْ طُرُقِكُمْ، وَفِيْ أَسْوَاقِكُمْ، وَفِيْ مَجَالِسِكُمْ أَيْنَمَا كُنْتُمْ، فَإِنَّكُمْ مَا تَدْرُوْنَ مَتَى تَنْزِلُ الْمَغْفِرَةُ، 'তোমরা যেখানেই থাক না কেন বেশী বেশী ক্ষমাপ্রার্থনা কর; তোমাদের বাড়ি-ঘরসমূহে, পথ-প্রান্তরসমূহে, বাজারসমূহে এবং বৈঠকগুলোতে। কারণ তোমরা তো জানো না কখন ক্ষমা অবতীর্ণ হবে'।

### ৪. মানবিক গুণাবলী অর্জন করা :

ইসলামের প্রতিটি ইবাদত মুসলিমকে উত্তম নৈতিকতা অবলম্বনে সহায়তা করে। মুমিনের জীবনব্যাপী ইবাদতসমূহ তাকে উত্তম চারিত্রিক বৈশিষ্ট্য অবলম্বনের পথে চালিত করে। যেমন ছালাত অশ্লীল ও নিন্দনীয় কাজ থেকে বিরত রাখে; ছিয়াম আল্লাহভীরুতা বৃদ্ধি করে; যাকাত আত্মাকে পবিত্র ও পরিশুদ্ধ করে হিংসা-দ্বেষ, লোভ-লালসা, ব্যয়কুণ্ঠতা ইত্যাদি থেকে। আর হজ্জ ইসলামের বড় ইবাদত ও মহান নিদর্শন, যা মুসলিমকে পারস্পরিক সৌহার্দ, সহমর্মিতা ও উত্তম আচরণ শিক্ষা দেয়। আল্লাহ বলেন, الْحَجُّ أَشْهُرٌ مَعْلُومَاتٌ فَمَنْ فَرَضَ فِيهِنَّ الْحَجَّ فَلَا رَفَثَ وَلَا فُسُوقَ وَلَا جِدَالَ فِي الْحَجِّ وَمَا تَفْعَلُوا مِنْ خَيْرٍ يَعْلَمْهُ اللهُ وَتَزَوَّدُوا فَإِنَّ خَيْرَ الزَّادِ التَّقْوَى وَاتَّقُونِ يَاأُولِي الْأَلْبَابِ 'হজ্জের মাসগুলি নির্ধারিত। অতএব যে ব্যক্তি এই মাসসমূহে হজ্জ-এর সংকল্প করবে (অর্থাৎ ইহরাম বাঁধবে), তার জন্য হজ্জের সময় স্ত্রী মিলন, দুষ্কর্ম ও কলহ-বিবাদ বিধেয় নয়। তোমরা যেসব সৎকর্ম কর, আল্লাহ তা অবগত আছেন, আর তোমরা পাথেয় সঞ্চয় করো। নিশ্চয়ই সর্বোত্তম পাথেয় হ'ল আল্লাহভীতি। অতএব হে জ্ঞানীগণ! তোমরা আমাকে ভয় কর' (বাক্বারাহ ২/১৯৭)। সুতরাং হজ্জ পরবর্তী সময়েও অশ্লীল কথা-কাজ পরিহার করা, কর্কষ ভাষা ও রূঢ় আচরণ ত্যাগ করা, কোন মানুষকে কষ্ট না দেওয়া, প্রতিবেশী ও অন্যদের সাথে সদাচরণ করা, পরোপকার ও জনসেবা করার চেষ্টা করা ইত্যাদি সৎকাজ অধিক হারে করতে হবে।

### ৫. আমলে ছালেহ বেশী বেশী করার চেষ্টা করা :

হজ্জ একটি গুরুত্বপূর্ণ নেক আমল। এই আমলের পরে অন্যান্য সৎকাজ অধিক হারে করতে হবে। আল্লাহ বলেন, اعْلَمُوا أَنَّمَا الْحَيَاةُ الدُّنْيَا لَعِبٌ وَلَهْوٌ وَزِينَةٌ وَتَفَاخُرٌ بَيْنَكُمْ وَتَكَاثُرٌ فِي الْأَمْوَالِ وَالْأَوْلَادِ كَمَثَلِ غَيْثٍ أَعْجَبَ الْكُفَّارَ نَبَاتُهُ ثُمَّ يَهِيجُ فَتَرَاهُ مُصْفَرًّا ثُمَّ يَكُونُ حُطَامًا وَفِي الْآخِرَةِ عَذَابٌ شَدِيدٌ وَمَغْفِرَةٌ مِنَ اللهِ وَرِضْوَانٌ وَمَا الْحَيَاةُ الدُّنْيَا إِلَّا مَتَاعُ الْغُرُورِ، 'তোমরা জেনে রাখ যে, পার্থিব জীবন খেল-তামাশা, সাজ-সজ্জা, পারস্পরিক অহমিকা, ধন-সম্পদ ও সন্তান- সন্ততির প্রাচুর্য লাভের প্রতিযোগিতা ছাড়া কিছু নয়। যার উপমা বৃষ্টির ন্যায়। যার উৎপাদন কৃষককে চমৎকৃত করে। অতঃপর তা শুকিয়ে যায়। যাকে তুমি হলুদ দেখতে পাও। অতঃপর তা খড়-কুটায় পরিণত হয়। আর পরকালে রয়েছে (কাফেরদের জন্য) কঠিন শাস্তি এবং (মুমিনদের জন্য) আল্লাহর ক্ষমা ও সন্তুষ্টি।

বস্তুতঃ পার্থিব জীবন ধোঁকার উপকরণ ছাড়া কিছু নয়' (হাদীদ ৫৭/২০)। এজন্য রাসূল (ছা.) বলেন,:بَادِرُوا بِالْأَعْمَالِ سِتًّا: الدَّجَّالَ، وَالدُّخَانَ، وَدَابَّةَ الْأَرْضِ، وَطُلُوعَ الشَّمْسِ مِنْ مَغْرِبِهَا، وَأَمْرَ الْعَامَّةِ، وَخُوَيْصَّةَ أَحَدِكُمْ، 'ছয়টি লক্ষণ প্রকাশ হওয়ার পূর্বে নেক আমল সম্পাদনে তৎপর হও। ১. ধোঁয়া, ২. দাজ্জাল, ৩. দাববাতুল আরয (মৃত্তিকাগর্ভ হ'তে বহির্ভূত জন্তু), ৪, পশ্চিমাকাশ হ'তে সূর্য উদিত হওয়া, ৫. সর্বগ্রাসী ফিতনা ও ৬. তোমাদের ব্যক্তিবিশেষের ওপর আরোপিত ফিতনা'।[৭]

ছাহাবায়ে কেরাম আমলে ছালেহ সম্পাদনে সাধ্যমত চেষ্টা করতেন। যেমন উম্মুল মুমিনীন আয়েশা (রাঃ) হ'তে বর্ণিত, أنها كانت تصلي الضحى ثماني ركعات ثم تقول : لو نشر لي أبواي ما تركتها. 'তিনি চাশ্তের আট রাক'আত করে ছালাত আদায় করতেন। অতঃপর তিনি বলেন, আমার জন্যে যদি আমার মাতা-পিতাকেও জীবিত করে দেয়া হয় তবুও আমি এ ছালাত ছাড়ব না'।[৮] আনাস (রাঃ) হ'তে বর্ণিত, রাসূলুল্লাহ (ﷺ) বলেন,

إِنَّ مِنَ النَّاسِ مَفَاتِيحَ لِلْخَيْرِ، مَغَالِيقَ لِلشَّرِّ، وَإِنَّ مِنَ النَّاسِ مَفَاتِيحَ لِلشَّرِّ مَغَالِيقَ لِلْخَيْرِ، فَطُوبَى لِمَنْ جَعَلَ اللهُ مَفَاتِيحَ الْخَيْرِ عَلَى يَدَيْهِ، وَوَيْلٌ لِمَنْ جَعَلَ اللهُ مَفَاتِيحَ الشَّرِّ عَلَى يَدَيْهِ

'নিশ্চয়ই কিছু লোক আছে, যারা কল্যাণের চাবিকাঠি এবং অকল্যাণের দ্বার রুদ্ধকারী। পক্ষান্তরে এমন কিছু লোক আছে যারা অকল্যাণের দ্বার উন্মোচনকারী এবং কল্যাণের পথ রুদ্ধকারী। সেই লোকের জন্য সুসংবাদ যার দু'হাতে আল্লাহ কল্যাণের চাবি রেখেছেন এবং সেই লোকের জন্য ধ্বংস যার দু'হাতে আল্লাহ অকল্যাণের চাবি রেখেছেন'।

**৬. আমলকে তুচ্ছ মনে করা এবং গর্ব-অহংকার না করা :**

মানুষ যেসব আমল করে, তার সারা জীবনের সমস্ত আমলের মাধ্যমে আল্লাহর নে'মতের শুকরিয়া আদায় হবে না। যেমন তার দেহের অঙ্গ-প্রত্যঙ্গ তথা চোখ-কান, হাত-পা, জিহবা, ত্বক ইত্যাদি। এছাড়া আল্লাহ প্রদত্ত জীবিকা, দৈহিক শক্তি, আর্থিক সচ্ছলতা, সৃষ্টিজীবের মধ্যে শ্রেষ্ঠত্ব ইত্যাদি নে'মতের কৃতজ্ঞতা স্বীকার করে শেষ করা যাবে না। অতএব এসবের তুলনায় মানুষের কৃত আমল যারপর নেই নগণ্য। সুতরাং মানুষ তার কৃত আমলের জন্য গর্ব-অহংকার করবে না। বরং সে তার আমলকে তুচ্ছ জ্ঞান করবে, তাহ'লে সে আরো অধিক আমলে প্রবৃত্ত হ'তে পারবে। অনুরূপভাবে হজ্জ করেও নিজেকে বড় আমলকারী, ইবাদতগুযার ভাববে না বরং সে আরো বেশী আমলের জন্য চেষ্টা করবে।

**৭. আমল প্রত্যাখ্যাত হওয়ার শংকায় থাকা :**

মুমিন হৃদয়ে ভয় ও আশা দু'টিই থাকবে। হাসান বছরী (রহ.) বলেন, والمؤمن يحسن ويخاف، والمنافق يسيء ويأمن، 'মুমিন ব্যক্তি নেক আমল করে তা কবুল না হওয়ার ভয় করে, আর মুনাফিক পাপ করেও নিজেকে নিরাপদ ভাবে'।

মুমিন ইবাদত করার পরে তা কবুল হওয়ার ব্যাপারে যেমন আশান্বিত থাকবে, তদ্রূপ তা কবুল না হওয়ারও আশংকায় থাকবে। মহান আল্লাহ বলেন, وَالَّذِيْنَ يُؤْتُونَ مَا آتَوْا وَقُلُوْبُهُمْ وَجِلَةٌ، 'আর তাদেরকে যা (রিযিক) দেওয়া হয়েছে তা থেকে তারা দান করে, তখন তাদের হৃদয় ভীত-কম্পিত থাকে' (মুমিনূন ২৩/৬০)। মা আয়েশা (রা.) বলেন, আমি এই আয়াতের ব্যাপারে রাসূলুল্লাহ (ﷺ)-কে বললাম,؟ يَا رَسُولَ اللهِ! أَهُوَ الَّذِي يَزْنِي، وَيَسْرِقُ، وَيَشْرَبُ الْخَمْرَ 'হে আল্লাহর রাসূল (ﷺ)! এর দ্বারা কি এমন ব্যক্তিকে বুঝানো হয়েছে, যে ব্যভিচার করে, চুরি করে এবং মদপান করে? তিনি বলেন, لَا، يَا بِنْتَ أَبِي بَكْرٍ أَوْ يَا بِنْتَ الصِّدِّيقِ وَلَكِنَّهُ الرَّجُلُ يَصُومُ، وَيَتَصَدَّقُ، وَيُصَلِّي، وَهُوَ يَخَافُ أَنْ لَا يُتَقَبَّلَ مِنْهُ، 'না, হে আবুবকরের কন্যা অথবা হে ছিদ্দীকের কন্যা! বরং উক্ত আয়াতে এমন ব্যক্তিকে বুঝানো হয়েছে, যে ছিয়াম পালন করে, যাকাত দেয়, দান-খয়রাত করে, ছালাত আদায় করে আর আশংকা করে যে, তার এসব ইবাদত কবুল হ'ল কি-না'?

আলী (রা.) বলেন, كونوا لقبول العمل أشد اهتماماً منكم بالعمل. ألم تسمعوا الله عز وجل يقول: (إنما يتقبل الله من المتقين). 'তোমরা আমল অপেক্ষা তা কবুল হওয়ার ব্যাপারে অধিক গুরুত্ব প্রদানকারী হও। তোমরা কি আল্লাহকে বলতে শোননি, 'নিশ্চয়ই আল্লাহ কেবল মুত্তাক্বীদের আমলই কবুল করে থাকেন' (মায়েদাহ ৫/২৭)।

খ্যাতনামা তাবেঈ মালেক ইবনু দীনার (রহ.) বলেন, الخوف على العمل ألا يُتقبل أشد من العمل، 'আমল কবুল হবে কি-না সেই ভয়ে ভীত হওয়া আমল করা অপেক্ষা কঠিন বিষয়া

আব্দুল আযীয ইবনু আবূ রাওয়াদ (রহ.) তাবেঈদের সম্পর্কে বলেন, أدركتهم يجتهدون في العمل الصالح، فإذا فعلوه وقع عليهم الهم أي قبل منهم أم لا، 'আমি তাদেরকে পেয়েছি যে, তারা সৎকাজে সচেষ্ট হ'তেন। অতঃপর যখন তারা আমল সম্পাদন করতেন, তখন চিন্তায় পড়ে যেতেন যে, তাদের আমল কবুল হবে কি-না'

### ৮. বেশী বেশী দো‘আ করা :

বান্দার জন্য কর্তব্য আল্লাহর কাছে বেশী বেশী দো‘আ করা। আল্লাহ বলেন, وَقَالَ رَبُّكُمُ ادْعُونِي أَسْتَجِبْ لَكُمْ إِنَّ الَّذِينَ يَسْتَكْبِرُونَ عَنْ عِبَادَتِي سَيَدْخُلُونَ جَهَنَّمَ دَاخِرِينَ ‘আর তোমাদের প্রতিপালক বলেন, তোমরা আমাকে ডাক। আমি তোমাদের ডাকে সাড়া দেব। নিশ্চয়ই যারা আমার ইবাদত থেকে অহংকার করে। তারা সত্বর জাহান্নামে প্রবেশ করবে লাঞ্ছিত অবস্থায়’ (গাফের/মুমিন ৪০/৬০)। তিনি আরো বলেন, وَإِذَا سَأَلَكَ عِبَادِي عَنِّي فَإِنِّي قَرِيبٌ أُجِيبُ دَعْوَةَ الدَّاعِ إِذَا دَعَانِ فَلْيَسْتَجِيبُوا لِي وَلْيُؤْمِنُوا بِي لَعَلَّهُمْ يَرْشُدُونَ ‘আর যখন আমার বান্দারা তোমাকে আমার সম্বন্ধে জিজ্ঞেস করে, (তখন তাদের বল যে,) আমি অতীব নিকটবর্তী। আমি আহবানকারীর ডাকে সাড়া দেই যখন সে আমাকে আহবান করে। অতএব তারা যেন আমাকে আহবান করে এবং আমার উপরে নিশ্চিন্ত বিশ্বাস রাখে। যাতে তারা সুপথপ্রাপ্ত হয়’ (বাক্বারাহ ২/১৮৬)।

রাসূল (ﷺ) বলেছেন, الدُّعَاءُ هُوَ الْعِبَادَةُ، ‘দো‘আ হচ্ছে ইবাদত’।[১৫] তাই তিনি বেশী বেশী দো‘আ করার জন্য বলেছেন। তিনি বলেন, إِذَا تَمَنَّى أَحَدُكُمْ فَلْيُكْثِرْ، فَإِنَّمَا يَسْأَلُ رَبَّهُ عَزَّ وَجَلَّ ‘তোমাদের কেউ যখন কামনা করবে বা প্রার্থনা করবে তখন বেশী করে চাইবে। কারণ সে তো তার মালিকের কাছে চাচ্ছে’।[১৬] তিনি অন্যত্র বলেন, لِيَسْأَلْ أَحَدُكُمْ رَبَّهُ حَاجَتَهُ كُلَّهَا حَتَّى يَسْأَلَهُ شِسْعَ نَعْلِهِ إِذَا انْقَطَعَ وَحَتَّى يَسْأَلَهُ الملح، ‘তোমরা তোমাদের সকল প্রয়োজন আল্লাহর কাছে চাইবে, এমনকি যদি জুতার ফিতা ছিড়ে যায় তাহ’লে তাও তাঁর কাছেই চাইবে। এমনকি লবণও তাঁর কাছেই চাইবে’।

হাদীছে কুদসীতে আল্লাহ তা‘আলা বলেন,

يَا عِبَادِي إِنِّي حَرَّمْتُ الظُّلْمَ عَلَى نَفْسِي، وَجَعَلْتُهُ بَيْنَكُمْ مُحَرَّمًا، فَلَا تَظَالَمُوا، يَا عِبَادِي كُلُّكُمْ ضَالٌّ إِلَّا مَنْ هَدَيْتُهُ، فَاسْتَهْدُونِي أَهْدِكُمْ، يَا عِبَادِي كُلُّكُمْ جَائِعٌ، إِلَّا مَنْ أَطْعَمْتُهُ، فَاسْتَطْعِمُونِي أُطْعِمْكُمْ، يَا عِبَادِي كُلُّكُمْ عَارٍ، إِلَّا مَنْ كَسَوْتُهُ، فَاسْتَكْسُونِي أَكْسُكُمْ، يَا عِبَادِي إِنَّكُمْ تُخْطِئُونَ بِاللَّيْلِ وَالنَّهَارِ، وَأَنَا أَغْفِرُ الذُّنُوبَ جَمِيعًا، فَاسْتَغْفِرُونِي أَغْفِرْ لَكُمْ، يَا عِبَادِي إِنَّكُمْ لَنْ تَبْلُغُوا ضَرِّي فَتَضُرُّونِي وَلَنْ تَبْلُغُوا نَفْعِي، فَتَنْفَعُونِي، يَا عِبَادِي لَوْ أَنَّ أَوَّلَكُمْ وَآخِرَكُمْ وَإِنْسَكُمْ وَجِنَّكُمْ كَانُوا عَلَى أَتْقَى قَلْبِ رَجُلٍ وَاحِدٍ مِنْكُمْ، مَا زَادَ ذَلِكَ فِي مُلْكِي شَيْئًا، يَا عِبَادِي لَوْ أَنَّ أَوَّلَكُمْ وَآخِرَكُمْ وَإِنْسَكُمْ وَجِنَّكُمْ كَانُوا عَلَى أَفْجَرِ قَلْبِ رَجُلٍ وَاحِدٍ، مَا نَقَصَ ذَلِكَ مِنْ مُلْكِي شَيْئًا، يَا عِبَادِي لَوْ أَنَّ أَوَّلَكُمْ وَآخِرَكُمْ وَإِنْسَكُمْ وَجِنَّكُمْ قَامُوا فِي صَعِيدٍ وَاحِدٍ فَسَأَلُونِي فَأَعْطَيْتُ كُلَّ إِنْسَانٍ مَسْأَلَتَهُ، مَا نَقَصَ ذَلِكَ مِمَّا عِنْدِي إِلَّا كَمَا يَنْقُصُ الْمِخْيَطُ إِذَا أُدْخِلَ الْبَحْرَ،

‘ওহে আমার বান্দারা! আমি আমার নিজের উপর যুলুমকে হারাম করে নিয়েছি এবং তোমাদের জন্যও তা হারাম বলে ঘোষণা করছি। অতএব তোমরা একে অপরের উপর যুলুম করো না। হে আমার বান্দারা! তোমরা সবাই ছিলে পথহারা, তবে আমি যাকে সুপথ দেখিয়েছি সে ব্যতীত। তোমরা আমার কাছে হেদায়াত প্রার্থনা কর আমি তোমাদের হেদায়াত দান করব। হে আমার বান্দারা! তোমরা সবাই ক্ষুধার্ত, তবে আমি যাকে খাদ্য দান করি সে ব্যতীত। তোমরা আমার কাছে আহার্য চাও, আমি তোমাদের আহার করাব। হে আমার বান্দারা! তোমরা সবাই বস্ত্রহীন, কিন্তু আমি যাকে পরিধান করাই সে ব্যতীত। তোমরা আমার কাছে পরিধেয় চাও, আমি তোমাদের পরিধান করাব। হে আমার বান্দারা! তোমরা রাতদিন অপরাধ করে থাকো। আর আমিই সব অপরাধ ক্ষমা করি। সুতরাং তোমরা আমার কাছে মাগফিরাত প্রার্থনা করো, আমি তোমাদেরকে ক্ষমা করে দিব। হে আমার বান্দারা! তোমরা কখনো আমার অনিষ্ট করতে পারবে না, যাতে আমি ক্ষতিগ্রস্ত হই এবং তোমরা কখনো আমার উপকার করতে পারবে না, যাতে আমি উপকৃত হই। হে আমার বান্দারা! তোমাদের আদি থেকে অন্ত পর্যন্ত, তোমাদের মানুষ ও জিন জাতির মধ্যে যার অন্তর আমাকে সবচাইতে বেশী ভয় পায়, তোমরা সবাই যদি তার মতো হয়ে যাও তাতে আমার রাজত্ব এতটুকুও বৃদ্ধি পাবে না। হে আমার বান্দারা! তোমাদের আদি থেকে অন্ত পর্যন্ত, তোমাদের সকল মানুষ ও সকল জিন জাতির মধ্যে যার অন্তর সবচাইতে পাপিষ্ঠ, তোমরা সবাই যদি তার মতো হয়ে যাও তাহ’লে আমার রাজত্ব কিছুমাত্র হ্রাস পাবে না। হে আমার বান্দারা! তোমাদের আদি থেকে অন্ত পর্যন্ত সকল মানুষ ও জিন যদি কোন বিশাল মাঠে দাঁড়িয়ে সবাই আমার কাছে আবদার করে আর আমি প্রত্যেক ব্যক্তির চাহিদা পূরণ করি তাহ’লে আমার কাছে যা আছে তাতে এর চাইতে বেশী হ্রাস পাবে না, যেমন কেউ সমুদ্রে একটি সূচ ডুবিয়ে দিলে যতটুকু তা থেকে হ্রাস পায়’।

এমনকি রাসূল (ﷺ) বলেন, مَنْ لَمْ يَدْعُ اللهَ سُبْحَانَهُ، غَضِبَ عَلَيْهِ ‘যে ব্যক্তি মহান আল্লাহর নিকট দো‘আ করে না, আল্লাহ তার প্রতি অসন্তুষ্ট হন’।[১৯] মোল্লা আলী ক্বারী এ হাদীছের ব্যাখ্যায় বলেন, لِأَنَّ تَرْكَ السُّؤَالِ تَكَبُّرٌ وَاسْتِغْنَاءٌ، وَهَذَا لَا يَجُوزُ لِلْعَبْدِ. ‘কেননা প্রার্থনা পরিহার করা অহংকার ও অমুখাপেক্ষী হওয়া, যা বৈধ নয়। আল্লামা ত্বীবী বলেন, وَذَلِكَ لِأَنَّ اللهَ يُحِبُّ أَنْ يُسْأَلَ مِنْ فَضْلِهِ، فَمَنْ لَمْ يَسْأَلِ اللهَ يَبْغَضُهُ، وَالْمَبْغُوضُ مَغْضُوبٌ عَلَيْهِ لَا مَحَالَةَ، ‘আর এটা এজন্য যে, আল্লাহ তাঁর করুনা প্রার্থনা করা পসন্দ করেন। সুতরাং যে ব্যক্তি আল্লাহর নিকটে প্রার্থনা করে না, তাকে তিনি অপসন্দ করেন।

পরিশেষে হজ্জ একটি অতি ফযীলতপূর্ণ ইবাদত। কবুল হজ্জের বিনিময় জান্নাত।[২২] সুতরাং জান্নাত প্রাপ্তির লক্ষ্যে হজ্জ পরবর্তী করণীয়গুলো যথাযথভাবে সম্পাদনের চেষ্টা করতে হবে। আল্লাহ আমাদেরকে তাওফীক দান করুন- আমীন!

# ওয়ামী হজ কাফেলায় বিগত সালের হাজীদের হজ অভিজ্ঞতা এবং ওয়ামী সম্পর্কে তাদের মূল্যায়ন ও পরামর্শ

**হজ - বিশ্বভ্রাতৃত্বের এক মেলবন্ধন**

لَبَّيْكَ ٱللَّٰهُمَّ لَبَّيْكَ، لَبَّيْكَ لَا شَرِيكَ لَكَ لَبَّيْكَ،
إِنَّ ٱلْحَمْدَ وَٱلنِّعْمَةَ لَكَ وَٱلْمُلْكَ لَا شَرِيكَ لَكَ

"আমি হাজির হে আল্লাহ! আমি উপস্থিত, আপনার ডাকে সাড়া দিতে আমি হাজির। আপনার কোন অংশীদার নেই। নিঃসন্দেহে সমস্ত প্রশংসা ও সম্পদরাজি আপনার এবং একচ্ছত্র আধিপত্য আপনার। আপনার কোন অংশীদার নেই।"

একটি দুঃখজনক ঘটনার মুখোমুখি হয়েও ফ্লাইট শিডিউল বজায় রাখার জন্য দুঃখ-ভারাক্রান্ত মনে পবিত্র হজের উদ্দেশ্যে সৌদি এয়ার লাইন্সের বিমানে চড়তে হল। আমার দীর্ঘদিনের পরীক্ষিত বন্ধু, ঘনিষ্ঠ প্রতিবেশী, একই মত ও আদর্শের সহযোদ্ধা ইঞ্জিনিয়ার গোলাম নবী মানিক ব্রেন টিউমার, নিউমোনিয়া, করোনা ইত্যাদি জটিলতায় বেশ ক'মাস রোগ-ভোগের পর সেদিনই (২৭ মে ২০২৩) আল্লাহর ডাকে সাড়া দিয়ে চলে গেলেন। মাগরিবের পরই জানাযা হ'ল, নামাজ শেষেই সাদা কাফনের ফাঁকে সৌম্য-শান্ত, সাদা দাঁড়িতে চকচকে মুখখানা কোনমতে শেষ দেখার সুযোগ পেলাম। আল্লাহর কাছে আরজ এটাই তিনি যেন আমাদের জান্নাতের সিঁড়িতে সাক্ষাত করিয়ে দেন। আমিন।

